



নং-৩৪.০০.০০০০.০৫১.৭২.০০১.২০(যুক্ত)-২২

তারিখ : ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙাবন্দ  
 ০৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

### অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনকে আঞ্চলিক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলি অনুসারে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনসমূহকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/নিবন্ধনভুক্ত হতে হবে।
  ২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।
  ৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধার্মীবিদ্যা, খণ্ড কার্যক্রম ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম/প্রকল্প অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।
  ৪. প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সন্তান্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।
  ৫. নির্বাচিত সংগঠনের প্রকল্পের গুণগুণ (Merit) বিবেচনা করে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুদান প্রদান করা হবে।
  ৬. যুবনারী/বিশেষ চাহিদাসম্পন্নদের (তৃতীয়লিঙ্গসহ) দ্বারা পরিচালিত সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
  ৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।
  ৮. গত অর্থবছরে যেসব যুব সংগঠন অনুদান পায়নি তাদের অগ্রাধিকার দেয়া হবে।
  ৯. দুর্গম/পশ্চাত্পদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যগীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।
  ১০. আবেদনকারী সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে স্থানীয় জনপ্রতিনিধি/উপজেলা চেয়ারম্যান/মেয়ার/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক এর হার্ডকপি উপজেলার ক্ষেত্রে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং মহানগরিয়ে ক্ষেত্রে থানা ইউনিট কার্যালয়ে জমা দিতে হবে। এ প্রত্যয়ন পত্র ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
  ১১. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংকে অথবা সরাসরি <http://103.48.18.205/Grants/> ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি প্রযোজ্য চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড ( Upload ) করে তা আগামী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ ( ১৬ আষাঢ়, ১৪২৭ বঙাবন্দ ) তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন কার্যক্রম বন্ধ হয়ে যাবে। উল্লেখ্য, এ বিজ্ঞপ্তি প্রকাশের পর ২০ এপ্রিল, ২০২০ খ্রি. তারিখের মধ্যে যেসব যুব সংগঠন যথানিয়মে অনলাইন আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ৩। অনলাইন আবেদন দাখিলের পক্ষিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির শেষে প্রদর্শন করা হয়েছে।
- ৪। যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ও সিদ্ধান্ত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

( মুহাম্মদ সাঈদ আলী )  
 উপসচিব  
 ফোন: ৯৫৮৮৫৩১

## অন-লাইন আবেদন দাখিলের পদ্ধতি ( যুব সংগঠনের জন্য ) :

১. প্রথমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)) ওপেন করুন এবং ডান পার্শ্বে অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান —এ লিংক করুন অথবা ওয়েবসাইটে সরাসরি <http://103.48.18.205/Grants/> ভাউজ করুন।
২. ২০১৯-২০২০ অর্থবছরের জন্য অনুদানের বিজ্ঞপ্তি প্রদর্শিত হবে।
৩. বিজ্ঞপ্তির উপরের বাম কর্ণারে অনুদানের আবেদন ফরম —এ লিংক করুন।
৪. ফরম পূরণের ক্ষেত্রে কিছু নির্দেশনা দেখা যাবে। অন-লাইন আবেদন ফরমের ফিল্ডসমূহ যথাযথভাবে পূরণের জন্য চোখ চিহ্নিত বাটনে লিংক করুন এবং এক প্রস্তুত আবেদন ফরম প্রিন্ট করে চাহিত/সংযুক্তির জন্য সকল তথ্যাদি/পেপার প্রস্তুত রাখুন। অতঃপর এখন নয় বাটনে লিংক করে বের হয়ে আসতে হবে।
৫. সংযুক্তির জন্য সকল তথ্যাদি প্রস্তুত হলে একইভাবে ওপেন করুন এবং সবুজ লেখা আবেদন ফরম — এ লিংক করুন।
৬. সতর্কতার সাথে সকল ফিল্ডগুলো পূরণ করুন এবং ইংরেজিতে ক্যাপচা দিয়ে দেখুন বাটনে লিংক করুন।
৭. প্রিন্ট বাটনের উপর লিংক করে প্রয়োজনীয় সংখ্যক পূরণকৃত আবেদন প্রিন্ট করে সংরক্ষণ করুন।
৮. যে সকল ফিল্ড ইংরেজিতে পূরণের জন্য বলা হয়েছে তা অবশ্যই ইংরেজিতে পূরণ করুন।
৯. পরবর্তী ধাপে যাবার পূর্বে পূরণকৃত আবেদনের কোন অংশ সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করতে হলে এডিট বাটনে লিংক করুন এবং চাহিদা মোতাবেক সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করুন এবং পুনরায় ইংরেজিতে ক্যাপচা দিন এবং প্রস্তুতকৃত সংযুক্তিসমূহ আপলোড করার জন্য পরবর্তী ধাপ বাটনে লিংক করুন।
১০. সংযুক্তিসমূহ আপলোড করার জন্য প্রদর্শিত নির্দেশনাসমূহ ভালভাবে দেখুন।
১১. সংযুক্তিসমূহ PDF আকারে স্ক্যান করে সিরিয়াল অনুযায়ী আপলোড (Upload) করুন এবং প্রতিটি সংযুক্তির আপলোড হওয়ার সাথে সাথে ডান পার্শ্বে OK লেখা দেখা যাবে এবং চোখ চিহ্নিত বাটনে লিংক করে দেখে নিন আপলোডটি সঠিক হয়েছে কিনা।
১২. যথাযথভাবে আপলোড না হয়ে থাকলে পুনরায় আপলোড (Upload) করুন এবং সাথে সাথে পূর্বের আপলোড বাতিল হয়ে যাবে।
১৩. চাহিত সকল সংযুক্তি আপলোড করার পর নির্ধারিত স্থানে টিক(✓) টিক দিন এবং দাখিল করুন বাটনের উপর লিংক করুন।
১৪. আবেদনপত্র দাখিল হবার প্রমানস্বরূপ ট্র্যাকিং নম্বরসহ প্রদর্শিত সনদপত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন।
১৪. উল্লেখ্য, অন-লাইন আবেদন দাখিল করার পর পরবর্তীতে পরবর্তন/পরিমার্জন করার কোনরূপ সুযোগ নেই বা দ্বিতীয়বার আবেদন করারও কোন সুযোগ নেই।
১৫. অনলাইন আবেদন দাখিল করার পর আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কাজে লিপ্ত নয় মর্মে স্থানীয় জনপ্রতিনিধি/উপজেলা চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট হতে সংগ্রহকৃত প্রত্যয়ণ পত্রের হার্ড কপি উপজেলার ক্ষেত্রে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং মহানগরিক ক্ষেত্রে থানা ইউনিট কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট অবশ্যই জমা দিতে হবে।
১৬. ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে অনুদানের অর্থ সংগঠনের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে। তাই অন্যান্য তথ্যাদির পাশাপাশি সংগঠনের সঠিক ব্যাংক হিসাব নম্বর ( Account Number ) এবং রাউন্টিং নম্বর ( Routing Number ) ব্যাংক থেকে জেনে অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে সঠিকভাবে লিখতে হবে।
১৭. প্রযোজ্য ক্ষেত্রে ০১৭১১৩৯২৫০৫, ০১৭৬৩৫৭১০০০ ও ০১৯৪২২০১৫৬১ নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।